

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৫০

আগরতলা, ০৪ নভেম্বর, ২০১৮

দীপাবলী উৎসব উপলক্ষে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

দীপাবলী উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেছেন- “প্রতি বছরের ন্যায় এ বছরও উৎসাহ উদ্দীপনার সঙ্গে উদ্‌যাপিত হতে যাচ্ছে আলোর উৎসব দীপাবলী। এই উৎসব আমাদের প্রাণবন্ত সংস্কৃতির প্রতীক। সারা বিশ্ব জুড়েই উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এই উৎসব উদ্‌যাপন করা হয়। এই উৎসব নতুন আশা এবং স্বপ্নে ভরা এক নতুন বছরের বার্তা বয়ে নিয়ে আসে।

ত্রিপুরাসুন্দরী মায়ের আশীর্বাদে আমরা ত্রিপুরা রাজ্যকে মডেল রাজ্যে রূপান্তরিত করার জন্য যাত্রা শুরু করেছি এবং আমার বিশ্বাস সকল ত্রিপুরাবাসীর কল্যাণে আমরা শ্রেষ্ঠ এবং সমৃদ্ধশালী ত্রিপুরা গঠন করতে সক্ষম হব। আমি মায়ের কাছে প্রার্থনা করি যেন এই আলোর উৎসব আমাদের সকলের জীবনে শান্তি এবং সমৃদ্ধি নিয়ে আসে।

ত্রিপুরা সরকারের পক্ষ থেকে আমি সকল ত্রিপুরাবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি। সকলের আন্তরিক সহযোগিতায় দীপাবলী উৎসব সুশৃঙ্খল ও আনন্দময় পরিবেশে উদ্‌যাপিত হোক।”
